


উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ০২/০১/২০২২ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১০/০১/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



( মোঃ আতাউর রহমান )  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী (সেচ), গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান..... ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। জনাব ..... উপজেলা কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি,  
গফরগাঁও, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

## কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, আইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।  
সভার স্থান : আইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।  
সভার তারিখ : ১০/০১/২০২২ খ্রিঃ,

সময় : দুপুর ১২ঃ০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, ক. উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও জানান যে, গফরগাঁও উপজেলার ১২টি ইউনিয়নে বোরো ধানের মৌসুম চলমান এবং ধানের অবস্থা ভালো। তবে এ বৎসর বুকভরা আশা করছি যে বোরো ধানের বাম্পার ফলন হবে। তিনি আরও জানান যে, গফরগাঁও উপজেলার ১২টি ইউনিয়নে কৃষকদের জরিপ কাজ শেষ হয়েছে মোট ৮৩,০০০ জন কৃষক অত্র উপজেলায় রয়েছে এবং কৃষি তথ্য বাতায়ন নামে একটি ওয়েবপোর্টাল খোলা হয়েছে। উক্ত ওয়েবপোর্টালে চাষীদের তথ্য পাওয়া যাবে।</p> <p>তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টানিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।</p> <p>খ. সভায় জানানো হয় যে, আসন্ন বোরো মৌসুমে গফরগাঁও উপজেলায় সারের যাতে কৃত্রিম সংকট না হয় এ ব্যাপারে বিশেষ নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।</p> <p>গ. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোসহ খুচরা ব্যবসায়ী ও ডিলারগণ যাতে কারসাজির মাধ্যমে সারের মূল্য বাড়তে না পারে এ ব্যাপারে নজরদারি বৃদ্ধি করার জন্য সকল ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, গ্রামগঞ্জে অনেক আলু উৎপাদিত হয়েছে তা সংরক্ষণ করতে হবে এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এগ্রিমেন্ট/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ আতাউর রহমান )  
আইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ১০/০১/২০২২ খ্রিঃ

স্মারক নং-কৃষি ও সেচ/গফরগাঁও/২০২২-

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।

উপজেলা কৃষি অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।